# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

**কৃষি ভবন**

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৬.১৪৭

তারিখঃ ০৬ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ। / ২১ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে অনুষ্ঠিত ৬ষ্ঠ ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে ৬ষ্ঠ ত্রৈমাসিক সমন্বয় সভা বিগত ১৪ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণী বিএডিসি'র ওয়েব (www.badc.gov.bd) সাইটে পাওয়া যাবে।

২১.১০.১৮

মোঃ শাহিন মিয়া
উপসচিব
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

**বিতরণ** (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
০৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৯. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১০. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১১. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
১২. যুগ্মপরিচালক (সার),বিএডিসি, (ঢাকা/টাংগাইল/জামালপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/ফরিদপুর/সিলেট/চট্টগ্রাম/ রাংগামাটি/বান্দরবান/কুমিল্লা/নোয়াখালী/রাজশাহী/সিরাজগঞ্জ/বগুড়া/রংপুর/দিনাজপুর/খুলনা/যশোর/কুষ্টিয়া/বরিশাল)

১৩. যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, (ঢাকা/চট্টগ্রাম/যশোর/রাজশাহী/সিলেট/বরিশাল)।

১৪. যুগ্মপরিচালক (উদ্যান), বিএডিসি (গাজীপুর/রাজশাহী/যশোর/চট্টগ্রাম)।

১৫. যুগ্মপরিচালক (খামার), বিএডিসি, বীজ উৎপাদন খামার,দত্তনগর, মহেশপুর, ঝিনাইদহ।

১৬. যুগ্মপরিচালক (বীপ্রকে), বিএডিসি(ঢাকা/ফরিদপুর/কুমিল্লা/দিনাজপুর/চুয়াডাংগা/টাঙ্গাইল/চট্টগ্রাম/পাবনা/রংপুর)।

১৭. যুগ্মপরিচালক (কন্ট্রাক্ট গ্রোয়ার্স), বিএডিসি (ঢাকা/বগুড়া)।

১৮. যুগ্মপরিচালক (পাট বীজ), বিএডিসি,(ঢাকা/মেহেরপুর/দিনাজপুর/যশোর)।

১৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা),বিএডিসি (ঢাকা/সিলেট/ফরিদপুর/রংপুর/পাবনা/টাংগাইল/কিশোরগঞ্জ/বগুড়া/ময়মনসিংহ/কুমিল্লা/বরিশাল/যশোর/চট্টগ্রাম)।

২০. অধ্যক্ষ, বিএডিসি ট্রেনিং ইনস্টিটিউট, মধুপুর, টাংগাইল।

২১. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি (ঢাকা/টাংগাইল/জামালপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/ফরিদপুর/সিলেট/কুষ্টিয়া/বগুড়া/চট্টগ্রাম/রাংগামাটি/কুমিল্লা/নোয়াখালী/রাজশাহী/রংপুর/দিনাজপুর/খুলনা/যশোর/বরিশাল/পটুয়াখালী/পাবনা/চুয়াডাঙ্গা)।

২২. ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক ও প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, মাহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর, বিএডিসি, ঢাকা।

২৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিংবিভাগ, বিএডিসি, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

০২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

০৪. অফিস কপি।

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে অনুষ্ঠিত ৬ষ্ঠ ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ১৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ; দুপুর ১২:০০ ঘটিকা।
স্থান : সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট – ক ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) বিগত ০৮ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৫ম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (সমন্বয়) বিগত ০৮ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৫ম ত্রৈমাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০১. | বিএডিসি'র জনবল সংকট সংক্রান্ত। | নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে মাঠ পর্যায়ে জনবল পদায়ন করা হবে। এছাড়া, নবযোগদানকৃত কর্মকর্তা/কর্মচারীদের মাঠ পর্যায়ে পদায়ন করা হচ্ছে। চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে সভাপতি মাঠ পর্যায়ে দ্রুত জনবল পদায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট নিরসনে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ, সংস্থাপন বিভাগ । |
| ০২. | মাঠ পর্যায়ে বিএডিসি'র পরিবহন সংকট সংক্রান্ত। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, রাজস্ব বাজেটের আওতায় চলতি ২০১৮-১৯ অর্থ বছরে ১০টি গাড়ি ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে গাড়ি ক্রয় করা হবে। এছাড়া জুন ২০১৮ মাসে সমাপ্ত প্রকল্পের গাড়ি সাধারণ পরিচর্যা বিভাগে হস্তান্তর করা হলে গাড়িসমূহ মাঠ পর্যায়ে পুনঃ বন্টন করা হবে। সভাপতি পরিবহন সংকট নিরসনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট উইংকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র মাঠ পর্যায়ের পরিবহন সংকট নিরসনে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট উইং ও সাধারণ পরিচর্যা বিভাগ। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০৩. | সংস্থার নিজস্ব আয় বৃদ্ধিকরণ সংক্রান্ত। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে বীজ ও উদ্যান উইং এর আওতাধীন খামার, উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারে ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বিএডিসি'র নিজস্ব খামার/উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারে ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/উইংকে নির্দেশনা প্রদান করেন। | ০১. সংস্থার নিজস্ব আয় বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>০২.বিএডিসি'র নিজস্ব খামার/উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারে ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল বিভাগ। |
| ০৪. | সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে 'বিএডিসি ভাবনা' শীর্ষক গ্রুপে অর্ন্তভুক্ত সংক্রান্ত। | মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে ক্রমান্বয়ে 'বিএডিসি ভাবনা' শীর্ষক গ্রুপে অর্ন্তভুক্ত করার কার্যক্রম চলমান রয়েছে। ১০ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত বিএডিসি ভাবনা এর সদস্য সংখ্যা ১৪৮০ জন। বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে 'বিএডিসি ভাবনা' শীর্ষক গ্রুপে অর্ন্তভুক্ত হওয়ার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি 'বিএডিসি ভাবনা' শীর্ষক ফেসবুক গ্রুপে গঠনমূলক আলোচনা, মতামত, কমেন্ট ও পোষ্ট দেয়ার জন্য বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'তে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ব্যবহার করে 'বিএডিসি ভাবনা' শীর্ষক গ্রুপে অর্ন্তভুক্ত হতে হবে। | আইসিটি সেল, মনিটরিং বিভাগ। |
| ০৫. | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত। | সভায় কঃ গ্রোঃ বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথা সময়ে পরিশোধ করার নিমিত্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সভাপতি বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ করার নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কঃ গ্রোঃ বিভাগকে নির্দেশনা প্রদান করেন | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ করার নিমিত্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | কঃ গ্রোঃ বিভাগ। |
| ০৬. | বিএডিসি'র অকেজো ও পুরাতন গাড়ি | সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার ১৫৬টি অকেজো গাড়ির মধ্যে সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত মোট | বিএডিসি'র সকল অকেজো/অচল গাড়ি নিলামে বিক্রি করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে | সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট বিভাগ। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | নিলামে বিক্রি সংক্রান্ত। | ১৫২টি গাড়ি নিলামে বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট ০৪ টি গাড়ি নিলামে বিক্রয়ের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বিএডিসি'র সকল অকেজো/অচল গাড়ি নিলামে বিক্রি করার নির্দেশনা প্রদান করেন। | হবে। | |
| ০৭. | মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ ভাতা বৃদ্ধি সংক্রান্ত। | অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, বাজেট স্থিতি থাকা সাপেক্ষে চাহিদা মাফিক বরাদ্দ প্রদান করা হবে। এছাড়া, ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত বাজেটে ভ্রমণ ব্যয় খাতে প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে প্রস্তাব করা হবে। বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত সভাপতি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য ভ্রমণ ব্যয় খাতে বাজেট বৃদ্ধির জন্য অর্থ বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ভ্রমণ ব্যয় খাতে বাজেট বৃদ্ধি করতে হবে। | অর্থ বিভাগ। |
| ০৮. | বিএডিসি'র পাথিলা খামারে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ সংক্রান্ত। | খামার ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি'র পাথিলা খামারের ভূমি রক্ষার্থে জলাভূমি এলাকায় (পদ্ম গঙ্গা বিল) কাঁটা তারের মাধ্যমে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ এর বিষয়ে জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয় এবং স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভায় যুগ্মপরিচালক (খামার), দত্তনগর, পাথিলা খামারের জলাভূমি সংলগ্ন খাসজমি বিএডিসি কর্তৃক অধিগ্রহণের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে যোগাযোগ করার প্রস্তাব করেন। সভাপতি বিএডিসি'র পাথিলা খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ বিএডিসি কর্তৃক অধিগ্রহণের বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য খামার বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র পাথিলা খামারের জলাভূমি এলাকায় (পদ্ম গঙ্গা বিল) কাঁটা তারের মাধ্যমে সীমানা নির্ধারণ করতে হবে এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ বিএডিসি কর্তৃক অধিগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া, পাথিলা খামারের জলাভূমি সংলগ্ন খাসজমি অধিগ্রহণের নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ে পত্র পেরণ করা যেতে পারে। | খামার বিভাগ/ যুগ্মপরিচালক (খামার) দত্তনগর। |
| ০৯. | বিভিন্ন সংস্থা কর্তৃক ব্যবহৃত বিএডিসি'র সারগুদামসমূহের inventory প্রণয়ন সংক্রান্ত। | সার ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, বিভিন্ন সংস্থা কর্তৃক ব্যবহৃত বিএডিসি'র সারগুদামসমূহের একটি inventory প্রণয়ন এর নিমিত্ত সারগুদামসমূহের তালিকা সাধারণ পরিচর্যা বিভাগে প্রেরণ করা হয়েছে। | নিষ্পন্ন | - |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | সভাপতি বিভিন্ন সংস্থা কর্তৃক ব্যবহৃত বিএডিসি'র সারগুদামসমূহের একটি inventory প্রণয়নের জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | | |
| ১০. | উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদান সংক্রান্ত। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদানের জন্য বিএডিসি ভাবনায় একাধিকবার নোটিশ দেয়া হয়। এ পর্যন্ত কোন সুনিদিষ্ট প্রস্তাব পাওয়া যায় নি। অংশিজনের সাথে সভা/মতবিনিময় কার্যক্রমের আওতায় সভায় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সাথে সংস্থার সেবা প্রদান ও দাপ্তরিক কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে মাঠ পর্যায়ের ৫ম ত্রৈমাসিক সমন্বয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উদ্ভাবনী উদ্যোগ ও সংস্থার সেবা/কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে ধারণা প্রদান করা হয়। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের ওপর ধারণা প্রদানের জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের ধারণা innovationidea@badc.gov.bd এ ঠিকানায় পেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের উপর ধারণা প্রদান করতে হবে। | সকল কর্মকর্তা ও কর্মচারী । |
| ১১. | নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত। | সভায় বিভিন্ন বিভাগ হতে জানানো হয়, সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশনা প্রদান করেন। | সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে। | সকল কর্মকর্তা ও কর্মচারী । |
| ১২. | মাঠ পর্যায়ের অঞ্চলভিত্তিক সমন্বয় সভা সংক্রান্ত। | সভায় সমন্বয় বিভাগ হতে জানানো হয়, মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করা হচ্ছে। মাঠ পর্যায়ের সমন্বয় সভার কার্যবিবরণী সমন্বয় বিভাগে পাওয়া যাচ্ছে। সভাপতি মাঠ | মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব | যুগ্মপরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (সকল) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | পর্যায়ের সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে সমন্বয় সভা করার নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। | হিসেবে দায়িত্ব পালন করবেন। | |
| ১৩. | বিএডিসি পাট-১ এবং ধানের বাংলাজিরা জাত হিসেবে অবমুক্তকরণ সংক্রান্ত। | সভায় বিএডিসি পাট-১ এবং ধানের বাংলাজিরা জাত হিসেবে অবমুক্তকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বিএডিসি পাট-১ এবং ধানের বাংলাজিরা জাত হিসেবে অবমুক্তকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিএডিসি'র গবেষণা সেলকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি পাট-১ এবং ধানের বাংলাজিরা জাত হিসেবে অবমুক্তকরণের জন্য প্রয়োজনীয় উদ্যেগ অব্যাহত রাখতে হবে। | প্রধান সমন্বয়ক, গবেষণা সেল। |
| ১৪. | বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী দের স্মার্ট আইডি কার্ড বিতরণ সংক্রান্ত। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, বীজ ও উদ্যান উইং এর আওতায় ৭০০ জন, ক্ষুদ্রসেচ উইং এর আওতায় ৩৫০ জন, সার ব্যবস্থাপনা উইং এর আওতায় ১০০ জন, প্রশাসন উইং এর আওতায় ১১০ এবং অর্থ উইং এর আওতায় ৮০ জন মোট ১৩৪০ জন কর্মকর্তা/কর্মচারীকে স্মার্ট আইডি কার্ড বিতরণ করা হয়েছে। সভাপতি মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ। |
| ১৫. | বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত। | সভায় বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর বিস্তারিত আলোচনা করা হয়। বিএডিসি'র গবেষণা সেল হতে জানানো হয়, চলতি অর্থ বছরে বিএডিসিতে রাজস্ব অর্থায়নে ০৭টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে ৮৭.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত অর্থ ছাড় হয়েছে ২১.৭৫ লক্ষ টাকা। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে জোরদার করার জন্য বিএডিসি'র সকল গবেষককে অনুরোধ করেন। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাঠ পর্যায়ের সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বিএডিসি'র গবেষণা সেলকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাঠ পর্যায়ের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে অধিকতর জোরদার করতে হবে। | প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১৬. | বিএডিসি'র কর্পোরেট সীমের বিল পরিশোধ সংক্রান্ত। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত (স্মারক নং ৩৪৪; তারিখঃ ০৪ জুন ২০১৮) সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। | নিষ্পন্ন। | - |
| ১৭. | বিএডিসি'র পুনঃঅঙ্কিত লোগো ব্যবহার সংক্রান্ত। | বিভিন্ন বিভাগ/দপ্তর হতে সভায় জানানো হয়, দাপ্তরিক কাজে বিএডিসি'র পুনঃ অঙ্কিত লোগো ব্যবহার করা হচ্ছে।সভাপতি বিএডিসি'র পুনঃঅঙ্কিত লোগো ব্যবহারের জন্য সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা নির্দেশনা প্রদান করেন। | নিষ্পন্ন। | - |
| ১৮. | বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সরবরাহ সংক্রান্ত। | সভায় বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রেন্ট সরবরাহের বিষয়ে আলোচনা করা হয়। সভায় মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) জানান যে, এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রেন্ট সরবরাহের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার জন্য সার ব্যবস্থাপনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সার ব্যবস্থাপনা বিভাগ। |
| ১৯. | এলপিসি বিতরণ সংক্রান্ত। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করা হয়েছে এবং বিভিন্ন দপ্তর/বিভাগ এবং মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি কর্মকর্তা/কর্মচারীদের এলপিসি আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকের অফিস হতে প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | নিষ্পন্ন। | - |
| ২০. | মাঠ পর্যায়ে কৃষি সমাচার বিতরণ সংক্রান্ত। | জনসংযোগ বিভাগ হতে সভায় জানানো হয়, বিএডিসি'র দ্বি-মাসিক অভ্যন্তরীণ মুখপত্র কৃষি সমাচার মাঠ পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট সকল অফিস ও জেলা গ্রন্থাগারসমূহে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। সভাপতি বিএডিসি'র দ্বি-মাসিক অভ্যন্তরীণ মুখপত্র কৃষি সমাচার মাঠ পর্যায়ে কৃষি সংশ্লিষ্ট সকল অফিস ও জেলা গ্রন্থাগারসমূহে নিয়মিত প্রেরণ করার জন্য জনসংযোগ বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | নিষ্পন্ন। | - |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ২১. | বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের পোশাক পরিচ্ছেদ সমতা বিধান সংক্রান্ত। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সদর দপ্তরের প্রাধিকারভুক্ত কর্মচারীগণকে সাধারণ পরিচর্যা বিভাগের নীতিমালা (স্মারক নং-১৩৯৮; তারিখঃ ২২/০৩/১৯৮৭) অনুযায়ী পোশাক পরিচ্ছেদ বিতরণ করা হচ্ছে। সভায় প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বলেন যে, বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের পোশাক পরিচ্ছেদ সরবরাহের বিষয়ে বৈষম্য রয়েছে। উপস্থিত সদস্যগণ বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের মধ্যে পোশাক পরিচ্ছেদ এর বৈষম্য দূরীকরণের জন্য একমত পোষণ করেন। সভাপতি এ বিষয়ে সদস্য পরিচালক (অর্থ) কে আহবায়ক, মহাব্যবস্থাপক (সার), মহাব্যবস্থাপক (বীজ), প্রধান প্রকৌশলী(ক্ষুদ্রসেচ), মহাব্যবস্থাপক (অর্থ), যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা) কে সদস্য এবং হিসাব নিয়ন্ত্রক কে সদস্য সচিব করে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের মধ্যে পোশাক পরিচ্ছেদ সংক্রান্ত বৈষম্য দূরীকরণের জন্য সদস্য পরিচালক (অর্থ) কে আহবায়ক, মহাব্যবস্থাপক (সার), মহাব্যবস্থাপক (বীজ), প্রধান প্রকৌশলী(ক্ষুদ্রসেচ), মহাব্যবস্থাপক (অর্থ), যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা) কে সদস্য এবং হিসাব নিয়ন্ত্রক কে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করতে হবে। সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে একটি অফিস আদেশ করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ। |

**বিবিধঃ**

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ। |
|---|---|---|---|---|
| ০১. | বিএডিসি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী দের বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত। | সভায় যুগ্মপরিচালক (সার), সিরাজগঞ্জ বিএডিসি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বেতন বৈষম্য দূরীকরণের বিষয়ে প্রস্তাব করেন। তিনি উল্লেখ করেন যে, বিএডিসিতে জৈষ্ঠ্য কর্মকর্তার চেয়ে কনিষ্ট কর্মকর্তাগণ বেতন বেশি পাচ্ছেন। বিএডিসিতে বেতন বৈষম্য দূরীকরণ করা প্রয়োজন। উপস্থিত সদস্যগণ বেতন বৈষম্য দূরীকরণের বিষয়ে একমত পোষণ করেন। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংস্থাপন বিভাগ এবং সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | বিএডিসিতে বেতন বৈষম্য দূরীকরণের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংস্থাপন বিভাগ এবং সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ। |
|---|---|---|---|---|
| ০২. | আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকের কার্যালয় (ময়মনসিংহ ও জামালপুর) মেরামত/সংস্কার/ স্থানান্তর সংক্রান্ত। | সভায় আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (ময়মনসিংহ ও জামালপুর) তাঁর কার্যালয় প্রয়োজনীয় সংস্কার ও মেরামতের বিষয়ে প্রস্তাব করেন। এ বিষয়ে প্রধান প্রকৌশলী (নির্মাণ) সভায় জানান যে, নির্মাণ বিভাগের প্রকল্পের মাধ্যমে ময়মনসিংহে অবস্থিত আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর অফিস এবং জামালপুরে অবস্থিত আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর অফিস নতুন ভবনে প্রতিস্থাপন করা হবে। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (ময়মনসিংহ ও জামালপুর) এর অফিস নতুন ভবনে স্থানান্তর করতে হবে। | নির্মাণ বিভাগ। |

০২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
মাঠ পর্যায়ের সমন্বয় সভা।